পেনিলোপির আশাভঙ্গ

য়ানিস্ রিটসস্

চুল্লির মৃদু আলোয় তাকে চিনতে পারেনি, এমন নয়,
ভিখিরির শতচ্ছিন্ন পোষাকেও ছদ্মবেশ ঢাকা পড়েনি তার ;
সর্বাঙ্গ জুড়ে স্পষ্ট, পরিচিত সব চিহ্ঃ
মালাইচাকিতে কাটা দাগ, পেশীদর্পিত শরীর
আর সেই চতুর চাউনি ।

ভীত, ত্রস্ত, দেয়ালে ঠেস দিয়ে দাঁড়িয়ে
একটা অজুহাত খুঁজতে চাইল,
যাতে ওর প্রশ্নের উত্তর দিতে
একটু দেরি করা যায় ;
তাহলে তার মনের কথাটি ধরা পড়বে না আর ।

এই লোকটার জন্যেই তবে কুড়িটা বছর
বৃথা চলে গেল
অপেক্ষায় স্বপ্নের জাল বুনে ?
রক্তস্নাত, শ্বেতশ্রু
এই হতভাগা আগন্তুকটার জন্যে ?

একটা আসনে ধপ্ করে বসে পড়ল সে
নিস্পন্দ, বাক্যহীন ;
মেঝেতে ছড়িয়ে থাকা নিহত পাণিপ্রার্থীদের দিকে
এক দৃষ্টিতে চেয়ে রইল,
যেন তার মরে যাওয়া ইচ্ছেগুলোকেই দেখছে ।
বলে উঠল, 'স্বাগতম'—
দূরান্ত থেকে যেন ভেসে এল তার গলা,
যেন বা তা আর কারো কণ্ঠস্বর ।

এককোণে পড়ে থাকা বয়নযন্ত্রটি
খাঁচার মতো সিলিং-এ ছায়া ফেলেছে ;
সবুজ পাতার ভিতর গাঢ় লাল সুতোয় বোনা পাখিরা
চকিতে ধূসর এবং কালো হয়ে
তার ধৈর্যসীমার নিষ্প্রভ আকাশে
নিচু দিয়ে উড়ে যাচ্ছে ।

অনুবাদ ঃ ঋিনাথ বন্দ্যোপাধ্যায়

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com